

আল-মা'আরিজ | Al-Ma'arij | الْمَعَارِج

আয়াতঃ ৭০ : ১৯

আরবি মূল আয়াত:

إِنَّ الْإِنْسَانَ خُلِقَ هَلُوعًا ﴿١٩﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় মানুষকে সৃষ্টি করা হয়েছে অস্থির করে। — আল-বায়ান

মানুষকে সৃষ্টি করা হয়েছে খুবই অস্থির-মনা করে, — তাইসিরুল

মানুষতো সৃষ্টি হয়েছে অতিশয় অস্থির চিত্ত রূপে। — মুজিবুর রহমান

Indeed, mankind was created anxious: — Sahih International

১৯. নিশ্চয় মানুষকে সৃষ্টি করা হয়েছে অতিশয় অস্থিরচিত্তরূপে।(১)

(১) هُلُوْع এর শাব্দিক অর্থ ভীষণ লোভী ও অতি ভীরা ব্যক্তি। [কুরতুবী] ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা এখানে অর্থ নিয়েছেন সেই ব্যক্তি, যে হারাম ধন-সম্পদ লোভ করে। সাঈদ ইবনে জুবাইর রাহেমাহুল্লাহ বলেন, এর অর্থ কৃপণ। মুকাতিল বলেন, এর অর্থ সংকীর্ণমনা ব্যক্তি। এসব অর্থ কাছাকাছি। স্বয়ং আল্লাহই কুরআনে এর পরবর্তী দু' আয়াতে এ শব্দের ব্যাখ্যা করে দিয়েছেন। [বাগাভী] এখানে মানুষের খারাপ কর্মকাণ্ড ও স্বভাব উল্লেখ করে বলেন যে, সে “যখন দুঃখ কষ্ট সম্মুখীন হয়, তখন হা-হতাশ শুরু করে দেয়। পক্ষান্তরে কোন সুখ শান্তি ও আরাম লাভ করে, তখন কৃপণ হয়ে যায়।”। অতঃপর সাধারণ মানুষদের এই বদ-অভ্যাস থেকে সংকর্ষী সালাত আদায়কারী মুমিনদের ব্যতিক্রম প্রকাশ করে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ যারা এরূপ সংকর্ষ করে, তারা অতিশয় ভীরা ও লোভী নয়। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১৯) মানুষ তো সৃজিত হয়েছে অতিশয় অস্থিরচিত্তরূপে। [1]

[1] অত্যধিক লোভী এবং বেশী হা-হতাশকারীকে هُلُوْع বলা হয়। কেননা, এমন ব্যক্তিই কৃপণ ও লোভী হয় এবং খুব বেশী হা-হতাশ করে। পরের আয়াতে তারই গুণ বর্ণিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন